



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা।

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির তৃতীয় কোয়ার্টার বাস্তবায়নের অংশ হিসেবে শুদ্ধাচার/ উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়ের তৃতীয় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	১৮-০৩-২০২১ ইং
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	Zoom Meeting এর মাধ্যমে অনলাইন
উপস্থিতি	পরিশিষ্ট -ক

১.০। সভাপতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির তৃতীয় কোয়ার্টার বাস্তবায়নের অংশ হিসেবে শুদ্ধাচার/ উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান।

সভাপতির অনুমতিক্রমে হাইড্রোকার্বন ইউনিটের পরিচালক (উপ সচিব) জনাব মোঃ জাকির হোসেন সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির তৃতীয় কোয়ার্টার বাস্তবায়নের অংশ হিসেবে শুদ্ধাচার/ উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি বলেন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কারিগরি সহায়ক হিসেবে কাজ করে হাইড্রোকার্বন ইউনিট। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির তৃতীয় কোয়ার্টার বাস্তবায়নের অংশ হিসেবে শুদ্ধাচার/ উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা করার বাধ্যবাধকতা রয়েছে। মহাপরিচালক বলেন SDG ১৭ টি Goal এর মধ্যে Goal ১৬ তে সুশাসনের কথা বলা হয়েছে। সুশাসন বাস্তবায়নের নিমিত্তেই উত্তম চর্চার অবতারণা করা হয়েছে। তিনি বলেন আপনারা আমাদের স্টেক হোল্ডার। অংশীজনের সভার মাধ্যমে সবার সাথে বন্ডিং আরো শক্তিশালী হয়েছে। তিনি যেকোন ধরনের ডাটা প্রদান এবং আমাদের আয়োজিত সেমিনারে সবার সহযোগিতা প্রদানের জন্য ধন্যবাদ ব্যক্ত করেন। উত্তম চর্চা সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে তিনি বিভিন্ন দপ্তর/সংস্থাসমূহের পরিকল্পনার কথা জানতে চান।

পেট্রোবাংলার প্রতিনিধি তথ্য আদান প্রদান সংক্রান্ত বিষয়ে সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস প্রদানে করে বলেন ড্যাশবোর্ড এবং ডেইলি রিপোর্ট প্রদানের ক্ষেত্রেও সহযোগিতা অব্যাহত থাকবে। তিতাস গ্যাস কোম্পানি এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানির প্রতিনিধি জানান তারা যেকোন কাজে হাইড্রোকার্বন ইউনিটকে সহযোগিতা অব্যাহত রাখবেন।

কর্নফুলি গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানির প্রতিনিধি হাইড্রোকার্বনের সাম্প্রতিক কাজ সম্পর্কে সন্তোষ প্রকাশ করে সেমিনারের সংখ্যা বাড়ানো যায় কিনা সে বিষয়ে জানতে চান? এছাড়াও গ্যাস ভিত্তিক এবং এলএনজি বিষয়ক সমসায়িক বিষয়ের উপর সেমিনার করার বিষয়ে মত প্রকাশ করেন। গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেডের প্রতিনিধি আইন, বিধি ও নীতিমালার সংকলন প্রসঙ্গে বলেন হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক প্রকাশিত এই সংকলন সময় উপযোগী, তথ্যবহুল হয়েছে। তিনি টেলিফোন গাইড সম্পর্কে সহযোগিতা প্রদানের কথাও বলেন। জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন কোম্পানির প্রতিনিধি বার্ষিক রিপোর্ট এবং টেলিফোন গাইড সম্পর্কে সহযোগিতা প্রদানের কথা বলেন। রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড এর প্রতিনিধি আইন, বিধি ও নীতিমালার সংকলন প্রসঙ্গে সন্তোষ প্রকাশ করে বলেন হাইড্রোকার্বন ইউনিটের





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
হাইড্রোকার্বন ইউনিট  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০২.১৯.৯

তারিখ: ১ চৈত্র ১৪২৭

১৫ মার্চ ২০২১

### অনলাইন সভার নোটিশ

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও জাতীয় শুদ্ধাচার কৌশলের তৃতীয় কোর্সটার বাস্তবায়নের অংশ হিসেবে শুদ্ধাচার/ উত্তম চর্চার বিষয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা হাইড্রোকার্বন ইউনিটের মহাপরিচালক (যুগ্মসচিব) জনাব এ এস এম মঞ্জুরুল কাদের এর সভাপতিত্বে ১৮ মার্চ ২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় নিম্নবর্ণিত লিঙ্কে অনুষ্ঠিত হবে।

Time: March 18, 2021 3:00 PM Astana, Dhaka  
<https://uni-sydney.zoom.us/j/4037050814?pwd=UVlobW94TnhHWEU1ZGo1bWNGa2Rodz09>

ID: 4037050814

Password: 838884

উক্ত সভায় শুদ্ধাচার সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে ভার্চুয়ালি যুক্ত থাকার জন্য অনুরোধ করা হল।

১৫-৩-২০২১

এ এস এম মঞ্জুরুল কাদের

মহাপরিচালক

ফোন: ৮৩৯১০৭৫

ইমেইল: [hcu@hcu.org.bd](mailto:hcu@hcu.org.bd)

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০২.১৯.৯/১(১২)

তারিখ: ১ চৈত্র ১৪২৭

